

সমকাল

সারাদেশে শিক্ষার্থীদের বিক্ষোভ

১৪ ঘণ্টা আগে

অনলাইন ডেস্ক



দুপুরে মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা -সমকাল

বুয়েট শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার বিচার দাবিতে মঙ্গলবার দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভসহ নানা কর্মসূচি পালিত হয়েছে। এসব কর্মসূচিতে অংশ নেন শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিস্তারিত ব্যুরো, নিজস্ব প্রতিবেদক, অফিস, প্রতিনিধি ও সংবাদদাতার পাঠানো খবরে-

নারায়ণগঞ্জ: প্রথমে সর্বস্তরের সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে নগরের চাষাড়া শহীদ মিনারের সামনে মানববন্ধন এবং এরপর প্রগতিশীল ছাত্র জোটের ব্যানারে একই স্থানে বিক্ষোভ সমাবেশ হয়।

চবি: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে পোস্টার নিয়ে একাই অবস্থান নেন পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী খালেদ সাইফুল্লাহ। নগরের ষোলশহর রেলওয়ে স্টেশনে মানববন্ধন করেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। এ ছাড়া বিবৃতি দিয়েছে বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিয়ন।

ইবি: দ্বিতীয় দিনের মতো ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সমাবেশ করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

খুলনা: নগরীর শিববাড়ী মোড়ে 'আওয়ান-৭১' নামের সংগঠনের ব্যানারে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা মানববন্ধনে অংশ নেন।

ব্রাহ্মণবাড়িয়া: ব্রাহ্মণবাড়িয়া প্রেস ক্লাবের সামনে বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন করেন। বক্তব্য দেন জুয়েল, সুজন আকবর ও মিজানুর রহমান।

জাবি: বিক্ষোভ মিছিল ও ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দুই ঘণ্টা ধরে চলা অবরোধে ঢাকা-আরিচা মহাসড়কে আটকে পড়ে সহস্রাধিক যানবাহন। নবীনগর ও সাভার পর্যন্ত রাস্তার দু'ধারে গুরু হয় তীব্র যানজট।

রাবি: মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। পুলিশের বাধা উপেক্ষা করে তারা মহাসড়কে অবস্থান নেন। পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের কয়েক দফা ধাক্কাধাক্কিও হয়।

সিলেট: নগরীতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা। বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ নামে সংগঠন ওই কর্মসূচি পালন করে। এ ছাড়া বিভিন্ন সংগঠন বিবৃতি দিয়েছে। উদ্বেগ জানিয়েছে বাংলাদেশ আনজুমনে তালামীয়ে ইসলামিয়া।

বরিশাল: ব্রজমোহন কলেজের (বিএম) শিক্ষার্থীরা এবং ছাত্র ফেডারেশন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পৃথকভাবে কর্মসূচি পালন করেছে। এ ছাড়া বিএম কলেজের একদল শিক্ষার্থী গায়েবি জানাজা নামাজ আদায় করেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও ছাত্র ফেডারেশন নগরীর সদর রোডে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে।

রংপুর: বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নগরীর মডার্ন মোড় এলাকায় রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। পরে সেখান থেকে বিক্ষোভ মিছিল করে বিশ্ববিদ্যালয়ের সামনে এসে মানববন্ধন করে। লালবাগ এলাকায় কারমাইকেল কলেজের শিক্ষার্থীরা এবং নগরীর বঙ্গবন্ধুর ম্যুরাল চত্বর এলাকায় বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা মানববন্ধন করে।

ফরিদপুর: সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে মানববন্ধন করা হয়। অন্যদের মধ্যে বক্তব্য দেন আবরার নাদিম ইতু ও মুনতাকিম মেহেরাব।

নোয়াখালী: নোয়াখালী প্রেস ক্লাবের সামনে মানববন্ধন-সমাবেশ করেন বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। আন্দোলনকালে পুলিশ বাধা দেওয়া ও লাঠিচার্জের চেষ্টা করেছে বলে তাদের অভিযোগ।

শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ): শিবগঞ্জ পৌর এলাকার সরকারি মডেল হাই স্কুল চত্বরে প্রতিবাদ মিছিল ও মানববন্ধন করা হয় সাধারণ ছাত্র সমাজের ব্যানারে।

গাজীপুর: ক্যাম্পাসের সামনে ঢাকা-শিমুলতলী সড়কে মানববন্ধন করেছেন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) শিক্ষার্থীরা।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি। প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল:

ad.samakalonline@outlook.com